ঝিনাইদহে দুরন্ত প্রকাশের সম্পাদক মিরাজের উপর হামলা মামলার রায়, দু’জনের কারাদণ্ড

দুরন্ত প্রকাশের সম্পাদক রাষ্ট্রপতি পদক প্রাপ্ত মিরাজ জামান রাজ’র উপর ২০১৮ সালে হামলার ঘটনায় আসামি মিজানুর রহমান ওরফে বালতি মিজান ও মানিকের তিন মাসের কারাদণ্ড দিয়েছে ঝিনাইদহের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালত।

শেরে বাংলা সড়কস্থ দুরন্ত প্রকাশের সাবেক কার্যালয় সেবা ভবনের জায়গা দখলকে কেন্দ্র করে ২০১৮ সালে ৩১ মার্চ মিরাজ জামান রাজ’র উপর উপর্যুপরি হামলা চালায় ঝিনাইদহের ছোট কামারকুন্ড নিবাসী হাসেম আলীর ছেলে তাজ গ্লাস হাউজের মালিক মোঃ মিজানুর রহমান ওরফে বালতি মিজান ও তার কর্মচারী কাঞ্চনপুর নিবাসী নজরুল হেলপারের ছেলে মানিক।

সেই ঘটনায় মিরাজ জামান নিজে বাদী হয়ে ঐ বছরের এপ্রিলে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালতে একটি মামলা দায়ের করেন। যার নং সিআর-৩৪৩/১৮। দীর্ঘ আড়াই বছর বিচার কার্য পরিচালনার পর গত ২৯ নভেম্বর সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট ১ম আদালতের বিচারক গৌতম কুমার ঘোষ এ রায় প্রদান করেন। মামলার রায়ে দেখা যায় আসামী মিজান ও মানিককে পলাতক হিসেবে দোষী সাব্যস্ত করে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত করেছেন এবং ওয়ারেন্ট ইস্যুর জন্য আদেশ দিয়েছেন।

এ বিষয়ে মামলার বাদী মিরাজ জামান রাজের কাছে জানতে চাইলে তিনি বলেন, আদালতের আদেশে আমি সন্তুষ্ট নই। তবুও আদালতের প্রতি আমার সম্মান আছে।

মিরাজ জামান রাজের পক্ষে মামলাটি পরিচালনা করেন ঝিনাইদহ আদালতের সিনিয়র আইনজীবী এ্যাড. সাদাতুর রহমান হাদী। মামলা বিষয়ে তার কাছে জানতে চাইলে তিনি জানান দীর্ঘ দিন বিচারকার্য শেষে আদালত যে রায় দিয়েছে তাতে নিরপরাধ একজন সমাজসেবীর উপর নিষ্ঠুর হামলার নায্য বিচার হয়নি।

আমি বাদীর নিয়োজিত এ্যাডভোকেট হিসেবে এই রায়ে খুশি নই। অপরাধের তুলনায় আসামীর শাস্তি কম হয়েছে। মিরাজ জামান রাজ আসামীদের দ্রুত

গ্রেফতার করে জেল হাজতে প্রেরণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি অনুরোধ করেছেন।

ঝিনাইদহে সুফিয়া-কাশেম ফাউন্ডেশনের উদ্যোগে খাদ্যসামগ্রী বিতরণ

ঝিনাইদহে অসহায় ও দুস্থ ৪’শ পরিবারের মাঝে চাউল বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার সকালে শহরের আরাপপুর এলাকায় সুফিয়া কাশেম ফাউন্ডেশনের পক্ষ থেকে এ খাদ্যসামগ্রী বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের চেয়ারম্যান লাভলী হাসান, পরিচালক মঞ্জুর হাসান মাসুদ, অর্নব ইবনে হাসান ফারুক হোসেনসহ অন্যান্যরা।

এ সময় আগতদের ২০ কেজি করে চাউল দেওয়া হয়। করোনাকালে এ সহযোগিতা পেয়ে খুশি হতদরিদ্র পরিবার গুলো। ইতোপূর্বেও ফাউন্ডেশনের পক্ষ থেকে ন্মিন আয়ের মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছিল।

শৈলকুপায় সুষ্ঠু নির্বাচনের দাবিতে স্বতন্ত্র মেয়র প্রার্থীর সংবাদ সম্মেলন

শৈলকুপায় সুষ্ঠু নির্বাচনের দাবিতে নিজ নির্বাচনী কার্যালয়ে সংবাদ সম্মেলন করছে শৈলকুপায় পৌর নির্বাচনের স্বতন্ত্র মেয়র প্রার্থী মো. তৈয়বুর রহমান খাঁন। গতকাল বুধবার বিকাল ৩টায় এই

সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে লিখিত বক্তব্যে এই প্রার্থী অভিযোগ করেন, সরকার দলীয় মনোনীত প্রার্থী নির্বাচনী প্রচারণায় তার নেতাকর্মীদের হুমকি ও ভয়ভীতি প্রদর্শন করছে। তার সমর্থকদের ভোট কেন্দ্রে না যাওয়ার জন্য হুমকি দেয়া হচ্ছে। আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী কাজী আশরাফুল আজমের সমর্থকেরা বিভিন্ন সভা সমাবেশে আইন-শৃঙ্খলা ভঙ্গ করে পৌরবাসীর শান্তি নষ্ঠের পায়তাড়া চালাচ্ছে। যা সোস্যাল মিডিয়ায় প্রচার করা হচ্ছে।

সংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি জানান, আমি পৌরবাসির জন্য কাজ করতে চাই। সেই লক্ষে পৌরবাসী আমাকে ভোট দিয়ে মেয়র নিবার্চিত করলে পৌরসভাকে আমি তিলোত্তমা হিসেবে গড়ে তুলবো। তিনি আরো বলেন এ পৌরসভাকে আমি একটি মডেল পৌরসভায় রূপান্তর করতে চাই।

পৌরবাসীকে সাথে নিয়ে মাদকের বিরুদ্ধে অভিযান থাকবে বলেও তিনি জানান। তিনি আরো জানান, সারাদেশের ন্যায় এই পৌরসভা নিবার্চন দ্বিতীয় ধাপে আগামী ১৬ই জানুয়ারী অনুষ্ঠিত হবে। এবারেই প্রথম শৈলকুপা পৌরসভায় ইভিএম পদ্ধতিতে ভোট গ্রহণ হবে।

তবে সাধারণ মানুষদের সচেতন করা হবে। ভোটাররা যদি কেন্দ্রে গিয়ে ভোট দিতে পারে তাহলে আমি বিপুল ভোটে নিবার্চিত হবো ইনশাআল্লাহ। আশাকরি পৌরবাসী আমার ভালো কাজের মূল্যায়ন করবে।

এসময় ডি,এম কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক, সাবেক উপজেলা ছাত্রলীগের সহ-সম্পাদক ও সাবেক উপজেলা ছাত্রলীগের সদস্য শাহিবুল ইসলাম এশিয়াসহ, বিভিন্ন প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন মিডিয়ার সংবাদ কর্মীরা উপস্থিত ছিলেন ।

গণতন্ত্রের বিজয় দিবস উপলক্ষে জেলা ছাত্রলীগের আনন্দ র্যালী

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের দ্বিবর্ষপূর্তি ও গণতন্ত্রের বিজয়

দিবস উপলক্ষে আনন্দ র্যালী করেছে মেহেরপুর জেলা ছাত্রলীগ।

বুধবার বিকালে জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধণ এর নেতৃত্বে এই আনন্দ র্যালী বের করা হয়। পৌর কমিউনিটি সেন্টার থেকে র্যালীটি শুরু হয়ে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত আকারে আলোচনা সভা করা হয়।

সভায় বক্তব্য দেন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধণ, সহ সভাপতি শাহজাহান, দুলাল মাহামুদ, সাংগঠনিক সম্পাদক সাগর, দপ্তর সম্পাদক ইব্রাহীম, গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক একে কুতুব,

মুজিবনগর সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি সাহ উলি উল্লাহ সোহাগ, বারাদী ইউনিট ছাত্রলীগের সভাপতি এনামুল, পিরোজপুর ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি সাকিববুর রহমান প্রতিক, মোনাখালী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি স্বপন গাজী, মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি ইমাম হাসান ইমন।

ছাত্রলীগের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা এ সময় উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় স্ত্রীকে গলা কেটে হত্যার চেষ্টা, ধারালো অস্ত্রসহ স্বামী গ্রেফতার

চুয়াডাঙ্গায় স্ত্রীকে গলা কেটে হত্যার চেষ্টা করেছেন এক পাষণ্ড স্বামী। রক্তাক্ত ও মুমূর্ষু অবস্থায় স্ত্রী দোলন অধিকারীকে
(২৫) চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

চুয়াডাঙ্গা সদর উপজেলার কালিভাণ্ডারদহ গ্রামের হিন্দুপাড়ায় বুধবার সকালে এ ঘটনা ঘটে। ঘটনার কয়েক ঘণ্টার মাথায় পার্শ্ববর্তী জেলা ঝিনাইদহ থেকে ধারালো অস্ত্রসহ স্বামী জসিম অধিকারীকে গ্রেফতার করেছে পুলিশ।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে আহত দোলনের শয্যাপাশে থাকা প্রতিবেশীরা বলেন, জসিম অধিকারী পেশায় একজন নরসুন্দর (নাপিত)। দীর্ঘদিন ধরে পারিবারিক খুঁটিনাটি বিষয় নিয়ে স্বামী জসিম মারধর করত স্ত্রী দোলনকে। বুধবার সকাল সাড়ে ৮টার দিকে ঘরে আটকে রেখে দোলনের গলায় ছুরি দিয়ে পোঁচাতে থাকে স্বামী জসিম।

এ সময় দোলনের চিৎকার-চেঁচামেচি শুনে প্রতিবেশীরা ছুটে এলে জসিম অধিকারী পালিয়ে যায়। রক্তাক্ত জখম ও গুরুতর অবস্থায় সকাল সাড়ে ৯টার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয় দোলন অধিকারীকে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. জান্নাতুল ফেরদৌস বলেন, ‘দোলনের অবস্থা আশঙ্কাজনক। তার গলার কয়েকটি শিরা কেটে গেছে। গলায় অসংখ্য সেলাই দেয়া হয়েছে। আমরা তাকে পর্যবেক্ষণে রেখেছি। অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য বাইরে পাঠানো লাগতে পারে।’

চুয়াডাঙ্গা সদর থানার ওসি আবু জিহাদ খান বলেন, ঘটনার কয়েক ঘণ্টার মাথায় দুপুরে ঝিনাইদহ জেলার মহাম্মদপুর গ্রাম থেকে অভিযুক্ত জসিমকে ধারালো চাকুসহ গ্রেফতার করা হয়েছে। জসিমের বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে।

গাংনীতে শিরিনার পাশে ব্র্যাক

বে-সরকারি সংস্থা ব্র্যাকের অনুপ্রেরণা মানবিকতা আর আর্থিক সহায়তায় স্বপ্ন শুরু করতে যাচ্ছেন স্বামীকৃর্তক নির্যাতিতা শিরিনা খাতুন।

শিরিনা খাতুন গাংনী উপজেলার আড়পাড়া গ্রামের মোঃ ঠান্ডু মিয়ার মেয়ে। মানসিক ও শারিরীক ভাবে নির্যাতনের শিকার হয়ে তিনি স্বামী রেখে ৪ বছরের শিশু আরিয়ানকে। নিয়ে চলে আসেন পিতৃালয়ে। সংগ্রাম আর মনোবল নিয়ে নতুনকরে পায়ে দাঁড়ানোর স্বপ্ন দেখছেন তিনি। সেলাই মেশিনের কাজও শিখেছেন। কিন্তু আর্থিক অনটন অসংগতির কারনে ব্যাবসায়ী পুঁজি সংগ্রহ আর সেলাই মেশিন ক্রয়ের সামর্থ না থাকায়

মানবেতর জীবন যাপন করছিলেন।

শিরিনার পাশে দাঁড়িয়ে সহযোগীতার হাত বাড়িয়েছেন বেসরকারি সংস্থা ব্র্যাক। ব্র্যাকের আর্থিক সহায়তায় বুধবার বিকেলে তাকে একটি সেলাই মেশিন (সিঙ্গার) ও ছিট-কাপড় প্রদান করা হয়।

গাংনী উপজেলা সমাজ সেবা কর্মকর্তার কার্যালয়ে সেলাইমেশিন প্রদান কালে প্রধান অতিথি ছিলেন উপজেলা সমাজ সেবা কর্মকর্তা কাজী মোহাম্মদ মুনজুরুল ইসলাম।

এসময় ব্র্যাকের জেলা সমন্বয়কারী মোঃ ফজলুল হক, এরিয়া ম্যানেজার (দাবী) নজরুল ইসলাম, জেলা ব্যাবস্থাপক(সিইপি) ফাতেমা খাতুন, জেলা ব্যাবস্থাপক(টিবি) আবু হানিফ মড়ল, মনিটরিং অফিসার মল্লিক আজিমউদ্দিন ও বাললু কুমার শীল এসময় উপস্থিত ছিলেন।

শিরিনা খাতুন তার বক্তব্যে বলেন অনুপ্রেরণা, সহযোগীতায় আমি আমার নিজের পায়ে দাঁড়াতে চাই। শিরিনার পাশে দাঁড়িয়ে এদের মতো অসংখদের সহযোগীতা করতে চান উপজেলা সমাজ সেবা কর্মকর্তা কাজী মোহাম্মদ মুনজুরুল আলম।

কোটচাঁদপুরে “খাদ্যের নিরাপদ” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

“জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য” এই প্রতিপাদ্য নিয়ে মুজিব বর্ষে কোভিড-১৯ এর স্বাস্থ্য বিধি অনুসরণ করে উপজেলা পর্যায়ে জনসচেতনতা সৃষ্ঠির লক্ষ্যে ঝিনাইদহের কোটচাঁদপুরে খাদ্যের নিরাপদতা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা ১১ টার দিকে উপজেলা পরিষদ মিলনায়তনে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ জেলা কার্যালয়ের আয়োজনে ও উপজেলা প্রশাসনের সহযোগিতায় এই সেমিনার অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান

শরিফুন্নেছা মিকি।

জেলা নিরাপদ খাদ্য অফিসের সহকারি পরিচালক মোঃ রাসেল এর সঞ্চালনায় সেমিনারে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা আব্দুল আজিজ, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা মিরকান্তি বিশ্বাস, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার।

সেমিনারে বিজ্ঞানসম্মত পদ্ধতির যথাযথ অনুশীলন এর মাধ্যমে নিরাপদ খাদ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতকরণে খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবারাহ ও বিপণন সর্ম্পকে আলোচনা করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা স্যানেটারি ইন্সপেক্টর মনিরুজ্জামান, ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসির, মিজানুর রহমান খাঁন, আব্দুল হান্নান, সাংবাদিক নজরুল ইসলাম, এসএম রায়হান উদ্দীন সহ উপজেলা বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও খাদ্য সংশ্লিষ্ট ব্যবসায়ীরা।

গণতন্ত্রের বিজয় দিবস উপলক্ষে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের পুষ্পমাল্য অর্পন

গণতন্ত্রের বিজয় দিবস পালন উপলক্ষে মুজিবনগর কমপ্লেক্স বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেছেন মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে বুধবার সকাল সাড়ে নয়টার দিকে পুষ্পমাল্য অর্পন করা হয়।

এ সময় জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন,মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ,
বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মজিবুর রহমান মধু,সাধারন

সম্পাদক নজরুল ইসলাম,দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুস্তাকিম হক খোকন,

মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম অপা,উপজেলা যু্বলীগের সভাপতি কামরুল হাসান চাদু,উপজেলা কৃষকলীগের সভাপতি নজরুল ইসলাম,উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দীন লাভলু, উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সহসভাপতি মতিয়ার রহমান মতিনসহ আওয়ামীলীগ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে গণতন্ত্রের বিজয় দিবস পালন

বাংলাদেশ আওয়ামী লীগ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে মেহেরপুরে গণতন্ত্রের বিজয় দিবস পালন।

বুধবার সকালে মেহেরপুর শিল্পকলা একাডেমীর হলরুমে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি এর সভাপতিত্ব এই অনুষ্টান অনুষ্টিত হয়।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক

এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন,জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন,বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহাজামান চৌধুরি, কুতুবপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও জেলা আওয়ামী লীগের সদস্য ইদ্রিস আলী মাষ্টার, আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দীন চুন্নু,

আমদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলাম, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সদস্য শামীম আরা হীরা, স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল এনাম বকুল, যুগ্ম আহ্বায়ক মতিয়ার রহমান মতিন, সদর উপজেলা যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন আনু সহ আওয়ামীলীগের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]